দৈনিক খবর

তারিখ ... ১৪ DEC 1991 ... ৬

পৃষ্ঠা ... ৪ ... কলাম ...

৮/

# শিক্ষা সচিবের সাথে শিক্ষক সমিতি নেতৃবৃন্দের সাক্ষাৎ

গত ৯ই ডিসেম্বর বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি ও ঢাকা কলেজের অধ্যক্ষ নাজির উদ্দিন আহমেদ এবং সাধারণ সম্পাদক আবু ইউসুফসহ ছয় সদস্যের একটি প্রতিনিধিদল শিক্ষা সচিব মুস্তাফিজুর রহমানের সাথে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে শিক্ষা ক্যাডারে বিরাজমান প্রবীণতা পদোন্নতির ক্ষেত্রে বৈষম্য দূর করতঃ পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ, চূড়ান্ত গ্রেডেশন তালিকা প্রকাশ, অনতিবিলম্বে সকল স্তরের প্রাপ্তিযোগ্য পদোন্নতি প্রদান, সরকার কর্তৃক অনুমোদিত "স্টাফিং প্যাটার্ন" অনুযায়ী পদ সৃষ্টি, এনাম কমিটির সুপারিশ মোতাবেক অধ্যাপক ও সহযোগী অধ্যাপকদের বেতন স্কেল নির্ধারণসহ বিভিন্ন বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। শিক্ষা সচিব সমস্যাগুলো সমাধানের জন্য যথাসাধ্য চেষ্টা করবেন বলে আশ্বাস প্রদান করেন। প্রতিনিধিদলে অন্তর্ভুক্ত অন্যান্য নেতৃবৃন্দ হলেন সহ-সভাপতি মনসুর রহমান, কোষাধ্যক্ষ ডঃ গোলাম রসুল মিয়া, নির্বাহী সদস্য ডঃ আনোয়ারুল আজীজ ও আঞ্চলিক সভাপতি অধ্যক্ষ সাদেক আলী। খবর প্রেস বিজ্ঞপ্তির।

10